## ফতওয়া নং ৪৬২

## প্রশ

সম্মানিত মুফতি সাহেব, আমার প্রশ্ন এই যে ইমামের পিছনে মুক্তাদি তাশাহুদ ভুল পড়লে বা দ্বিতীয় রাকাতে তাশাহুদের পরে দরুদ শরীফ পড়লে কি ইমামের সালাম ফিরানোর পড় মুক্তাদির নামাজ পড়তে হবে.? বিস্তারিত বললে উপকৃত হতাম।

## উত্তর:

যদি এমন ভুল হয় যার দ্বারা অর্থের মধ্যে গুরুতর পরিবর্তন হয়ে নামায নষ্ট হয়ে যায়, তাহলে নামায পুনরায় পড়তে হবে।

নফল ছাড়া অন্য নামাযে তাশাহহুদের পর দরাদ শরীফ পড়া নিষেধ। এতদসত্ত্বেও ইমামের পিছনে মুক্তাদী যদি তাশাহহুদের পর দরাদ শরীফ পড়ে ফেলে, তার কারণে নামায পুনরায় পড়তে হবে না। ( আলমগীরী ১/১২৮ )

## স্বাক্ষর

মুফতী সাইফুল ইসলাম কাসিমী ফতওয়া বিভাগ,জামিয়া নু'মানিয়া। ২৫ সফর, ১৪৪৬ হিজরী (01/09/2024)